



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
প্রশিক্ষণ ও যোগাযোগ উইং
গাজীপুর-১৭০১
www.bari.gov.bd



স্মারক নম্বর: ১২.২১.০০০০.০১৩.৯৭.০৬৮.২২.৮৭১

তারিখ: ৩ পৌষ ১৪২৯

১৮ ডিসেম্বর ২০২২

বিষয়: মোছা. ইয়াছমিন আবিদা (BARI2519), বৈজ্ঞানিক কর্মকর্তা, ফল গবেষণা কেন্দ্র, বিএআরআই, বিনোদপুর, রাজশাহী এর অনুকূলে দেশে পিএইচডি কোর্স সম্পন্ন করার নিমিত্তে ০১/১২/২০২২ খ্রি. হতে ৩০/১১/২০২৫ খ্রি. পর্যন্ত মোট ৩৬ (ছত্রিশ) মাস প্রেষণাদেশ জারি প্রসঙ্গে।

সূত্র: ১। স্মারক নং-১২.২১.৫০৮১.০৫৫.০৮.০০১.২০-২৫২৬; তারিখ: ২৩/১১/২০২২ খ্রি.

২। স্মারক নং-১২.০০.০০০০.০৬২.১৯.০১৬.২২.৫৯৭; তারিখ: ২০/১১/২০২২ খ্রি.

মোছা. ইয়াছমিন আবিদা (BARI2519), বৈজ্ঞানিক কর্মকর্তা, ফল গবেষণা কেন্দ্র, বিএআরআই, বিনোদপুর, রাজশাহী-এর অনুকূলে দেশের অভ্যন্তরে পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউট, রাজশাহী বিশ্ববিদ্যালয় এর আওতায় ০১/১২/২০২২ খ্রি. হতে ৩০/১১/২০২৫ খ্রি. পর্যন্ত মোট ৩৬ (ছত্রিশ) মাস এপ্রোনামি এন্ড এগ্রিকালচার এল্লটেশন, পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউট, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী-তে মসুর জেনোটাইপ নিয়ে পিএইচডি কোর্সে অধ্যয়নের নিমিত্তে কৃষি মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে নিম্নে উল্লেখিত শর্ত সাপেক্ষে প্রেষণ প্রদান করা হইল।

শর্তাবলী:

১. মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত শর্তসমূহ মানিতে বাধ্য থাকিবেন।
২. পিএইচডি কোর্সে অধ্যয়নের জন্য প্রেষণের সম্পূর্ণ মেয়াদকাল তিনি কর্মরত রহিয়াছেন বলিয়া গণ্য হইবেন।
৩. প্রেষণকালে তাঁহার প্রাপ্যতানুযায়ী স্বাভাবিক বেতন ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন। তবে, কোন প্রেষণ ভাতা প্রাপ্য হইবেন না।
৪. প্রেষণকালীন সময়ে তিনি পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউট, রাজশাহী বিশ্ববিদ্যালয় এর নিয়মানুযায়ী মাসিক বৃত্তি এবং গবেষণা খরচ গ্রহণ করিবেন।
৫. তিনি প্রতি ০৬ (ছয়) মাস অন্তর গবেষণা তত্ত্বাবধায়কের প্রত্যয়নসহ অধ্যয়নের অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত ফরমে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রশিক্ষণ ও যোগাযোগ উইং, বিএআরআই, গাজীপুরে জমা দিয়ে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করিবেন।
৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রেষণাদেশ প্রাপ্ত কর্মকর্তার নিকট হইতে দপ্তরের যাবতীয় পাওনাদি গ্রহণ সাপেক্ষে অব্যাহতি প্রদান করিবেন।
৭. অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় তিনি বিশ্ববিদ্যালয়ে অবস্থান করিতে পারিবেন না। প্রেষণ শেষে নির্ধারিত সময়ে কর্মস্থলে যোগদান করে মন্ত্রণালয়কে অবহিত করিবেন।
৮. প্রেষণ শেষে যোগদানের তারিখ হইতে তিনি অঞ্জীকারনামা ও চুক্তিনামা অনুযায়ী বিএআরআই-তে ০৪ (চার) বৎসর চাকুরী করিতে বাধ্য থাকিবেন এবং চাকুরীর যাবতীয় নিয়মাবলী মানিতে বাধ্য থাকিবেন।
৯. প্রেষণ শেষ হইলে তিনি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর মহোদয়ের নিকট অভিসন্দর্ভ (ডিস্যারটেশন) এর দুই কপি সহ যোগদানপত্র পেশ করিবেন এবং একটি কপি আবশ্যিক ভাবে কৃষি মন্ত্রণালয়ে জমা প্রদান নিশ্চিত করিবেন।
১০. ডিগ্রি অর্জনে ব্যর্থ হইলে চাকুরীর মেয়াদ পূরণসহ সরকার কর্তৃক নির্ধারিত আর্থিক ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকিবেন।

১৮-১২-২০২২

ড. ফেরদৌসী ইসলাম
পরিচালক (চলতি দায়িত্ব)

প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা

ফল গবেষণা কেন্দ্র, বিএআরআই, বিনোদপুর, রাজশাহী

স্মারক নম্বর: ১২.২১.০০০০.০১৩.৯৭.০৬৮.২২.৮৭১/১

তারিখ: ৩ পৌষ ১৪২৯
১৮ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, কৃষি মন্ত্রণালয়
- ২) পরিচালক, সেবা ও সরবরাহ উইং, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
- ৩) পরিচালক, গবেষণা উইং, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
- ৪) বিভাগীয় প্রধান, এগ্রোনমি এন্ড এগ্রিকালচার এক্সটেনশন, পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউট, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী
- ৫) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, পরিকল্পনা ও মূল্যায়ন উইং, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
- ৬) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (ভারপ্রাপ্ত), এএসআইসিটি বিভাগ, বিএআরআই (তথ্য সংরক্ষণ ও ওয়েবসাইটে প্রচারের জন্য)
- ৭) উপপরিচালক (চলতি দায়িত্ব), অর্থ ও হিসাব শাখা, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
- ৮) সিনিয়র সহকারী পরিচালক (চলতি দায়িত্ব), প্রশাসন শাখা, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
- ৯) মোছা. ইয়াছমিন আবিদা, বৈজ্ঞানিক কর্মকর্তা, ফল গবেষণা কেন্দ্র, বিএআরআই, বিনোদপুর, রাজশাহী
- ১০) অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রশাসন শাখা, বিএআরআই (এসইআর সেল এবং মাস্টার ফাইলে পত্র সংরক্ষণের জন্য)
- ১১) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

১৮-১২-২০২২

ড. ফেরদৌসী ইসলাম
পরিচালক (চলতি দায়িত্ব)